

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৩৪৮

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৮. সাহ্উ সিজদা ও অন্যান্য সিজদা প্রসঙ্গ - খুশির সংবাদ পেয়ে কৃতজ্ঞতার সিজদাহ দেওয়া শরীয়তসম্মত

আরবী

وَعَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَوْفٍ _ رضي الله عنه _ قَالَ: سَجَدَ النَّبِيُّ _ صلى الله عليه وسلم _ فَأَطَالَ السُّجُودَ, ثُمَّ رَفَعَ رَأْسَهُ وَقَالَ: «إِنَّ جِبْرِيلَ آتَانِي, فَبَشَّرَنِي, فَسَجَدْت لِلَّهِ شُكْرًا». رَوَاهُ أَحْمَدُ, وَصَحَحَهُ الْحَاكِمُ

صحيح. انظر ما قبله. رواه أحمد (1/ 191)، والحاكم (1/ 550)

বাংলা

৩৪৮. 'আবদুর রহমান বিন 'আওফ (আঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সিজদা করেছিলেন এবং তা দীর্ঘ করেছিলেন- তারপর তাঁর মাথা উঠিয়ে বলেছিলেন- আমার নিকট জিবরাইল 'আলাইহিস সালাম এসেছিলেন ও আমাকে শুভ সংবাদ দান করেছিলেন, ফলে আমি আল্লাহর নিকট শুকরিয়া আদায়ের নিমিত্তে সিজদা করলাম। হাকিম একে সহীহ বলেছেন।[1]

ফুটনোট

[1] আহমাদ ১/৯১; হাকিম ১/৫৫০

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুর রহমান ইবনু 'আওফ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন